



উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

ভর্তি বিজ্ঞপ্তি



স্মারক নং: উবি-১৪/২০০৭-১৫৮৮৬

তারিখঃ ০৬ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ
২১ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়ঃ ২০২১ শিক্ষাবর্ষে শিশু শ্রেণিতে (বাংলা মাধ্যম ও ইংরেজি ভাষন) ভর্তি প্রসঙ্গে।

- শিশুশ্রেণিতে ভর্তি প্রক্রিয়া লটারির মাধ্যমে সম্পন্ন করা হবে।
- প্রার্থীর বয়স: ০১ জানুয়ারি ২০২১ খ্রি: তারিখে যাদের বয়স ৫ বছরের বেশি কিন্তু ৬ বছরের কম।
- ভর্তির আবেদন আগামী ১১ অক্টোবর ২০২০ সকাল ৮:০০ টা থেকে ২৯ অক্টোবর ২০২০ তারিখ রাত ৯:০০ টা পর্যন্ত অনলাইনের মাধ্যমে গ্রহণ করা হবে।
- বিদ্যালয়ের ওয়েবসাইটে (www.udayan.edu.bd) গিয়ে Admission মেন্যু থেকে Online Admission এ ক্লিক করতে হবে।
- অনলাইনে প্রদর্শিত আবেদন ফরমটি সঠিকভাবে পূরণ করতে হবে। প্রার্থী ও মাতা-পিতার রঙিন ছবি (দৈর্ঘ্য 300 Pixel × প্রস্থ 300 Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ছবির ফাইল সাইজ অনুর্ধ্ব 70 KB হতে হবে। [ছবির ফাইলের নাম যেকোন Alphabet দিয়ে Rename করতে হবে, ফাইলের নামে কোন Number/Special Character (i.e. ^, #, - etc.) দিয়ে দেয়া যাবে না।]
- পূরণকৃত আবেদন ফরম **Final Submit** করার পর যে নির্দেশনা আসবে তা ভালোভাবে পড়ে নিতে হবে এবং পূরণকৃত আবেদন ফরম ও পে-স্লিপ এর রঙিন প্রিন্ট নিতে হবে।
- প্রিন্টকৃত দুই অংশবিশিষ্ট পে-স্লিপটির মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোনো শাখায় সোনালী সেবার কাউন্টারে আবেদন ফি (আবেদন ফি ২০০/- + ব্যাংক চার্জ ২০/- + ভ্যাট ৩/-) ০১ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ রবিবার বিকাল ৩:০০ মিনিটের মধ্যে পরিশোধ করতে হবে। ব্যাংক কর্মকর্তার সিল-স্বাক্ষরযুক্ত পেমেট স্লিপের শিক্ষার্থীর অংশটিই প্রবেশপত্র হিসেবে গণ্য হবে।
- বিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত তারিখে প্রিন্টকৃত আবেদনপত্রের সাথে ব্যাংকে জমাকৃত পে-স্লিপ সহ নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে। কাগজপত্র জমাদানের তারিখ পরে জানানো হবে। নিম্নলিখিত কাগজপত্র প্রস্তুত রাখার জন্য বলা হলো:-
 - ব্যাংকের সিল-স্বাক্ষরযুক্ত পে-স্লিপ (**Print Payslip**) এর মূল কপি এবং ফটোকপি
 - পূরণকৃত আবেদন ফরমের প্রিন্ট কপি
 - শিক্ষার্থীর জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি
 - পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের সত্যায়িত কপি
 - পিতা ও মাতার শিক্ষাগত যোগ্যতার শেষ সনদের সত্যায়িত কপি
 - মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ ও প্রার্থীর মাতা-পিতার এসএসসি পরীক্ষার সনদ এর সত্যায়িত কপি
 - ক্যাচমেন্ট এরিয়া কোটায় আবেদনকারীদের ক্যাচমেন্ট প্রমাণের জন্য নিম্নোল্লিখিত প্রমাণপত্র জমা দিতে হবে:
 - আবেদনকারীর অভিভাবক যদি বাড়ির মালিক হয়ে থাকেন, তাহলে বিদ্যুৎ/পানি/টেলিফোন বিলের সত্যায়িত কপি
 - আবেদনকারীর অভিভাবক যদি ভাড়া বাসায় বসবাসকারী হয়ে থাকেন, তাহলে নিজ নামে ইউটিলিটি বিলের (এলোটমেন্ট পেপার/বিদ্যুৎ/পানি/টেলিফোন) সত্যায়িত কপি অথবা বাড়ি ভাড়ার চুক্তিপত্র ও রশিদের সত্যায়িত কপি এবং বাড়িওয়ালার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি
 - ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাদের সরাসরি ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ বা দপ্তরের বিভাগীয় প্রধান কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র জমা দিতে হবে।
 - উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে অধ্যক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র জমা দিতে হবে।
- আবেদনপত্র যাচাই-বাছাই করার পর প্রাথমিকভাবে লটারির জন্য মনোনীত শিক্ষার্থীদের তালিকা এবং লটারির তারিখ ও সময়সূচি বিদ্যালয়ের নোটিস বোর্ড ও ওয়েবসাইটের (www.udayan.edu.bd) মাধ্যমে যথাসময়ে প্রকাশ করা হবে।
- ভর্তি সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য বিদ্যালয়ের ওয়েবসাইট (www.udayan.edu.bd)-এর Notice Board-এ প্রদর্শিত বিজ্ঞপ্তি দেখতে হবে।
- আবেদনে ভুল তথ্য প্রদান করলে অথবা চাহিদা মোতাবেক কাগজপত্র সরবরাহ না করলে আবেদন বাতিল বলে গণ্য হবে। এছাড়া আবেদন ফরমে কোটার ঘরে সঠিকভাবে কোটা সিলেক্ট না করলে এবং কোটার অনুকূলে ডকুমেন্ট সাবমিট না করলে কোটা সুবিধা প্রাপ্য হবে না।

একনজরে গুরুত্বপূর্ণ তারিখসমূহ

- | | |
|----------------------------------|---------------------------------|
| ➤ অনলাইনে ফরম পূরণ শুরু সময় | ঃ ১১ অক্টোবর ২০২০ সকাল ০৮:০০ টা |
| ➤ অনলাইনে ফরম পূরণের শেষ সময় | ঃ ২৯ অক্টোবর ২০২০ রাত ০৯:০০ টা |
| ➤ ব্যাংকে টাকা জমাদানের শেষ সময় | ঃ ০১ নভেম্বর ২০২০ বিকাল ৩:০০ টা |

বিঃদ্র: পরিস্থিতি অনুযায়ী ভর্তি প্রক্রিয়ায় পরিবর্তন আসতে পারে।

স্বাক্ষরিত/
জহুরা বেগম
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)



উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

অফিস আদেশ



স্মারক নং: উবি-১৪/২০০৭-১৫৮৯০

তারিখ: ০৭ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ
২২ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়: ২০২১ শিক্ষাবর্ষে শিশুশ্রেণিতে ভর্তির ক্ষেত্রে ক্যাচমেন্ট এরিয়া ও অন্যান্য কোটা নির্ধারণ প্রসঙ্গে।

১। নিম্নলিখিত এলাকাসমূহ উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ক্যাচমেন্ট এরিয়ার অন্তর্ভুক্ত বলে গণ্য হবে:

- (১) ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা
- (২) বুয়েট ক্যাম্পাস
- (৩) ঢাকা মেডিকেল কলেজ এলাকা
- (৪) জাতীয় জাদুঘর এলাকা
- (৫) BSMMU এলাকা
- (৬) নীলক্ষেত এলাকা
- (৭) কাঁটাবন এলাকা
- (৮) আজিমপুর এলাকা
- (৯) পলাশী এলাকা

ক্যাচমেন্ট এরিয়া কোটা	- ৪০%
মুক্তিযোদ্ধা কোটা	- ৫%
শিক্ষা মন্ত্রণালয় কোটা	- ২%

* সংশ্লিষ্ট কোটার প্রমাণস্বরূপ প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে সংযুক্ত করে জমা দিতে হবে এবং ভর্তির সময় মূল কপি সঙ্গে আনতে হবে।

২। একজন প্রার্থী একটি মাত্র কোটায় আবেদন করতে পারবে। বর্ণিত কোটার সপক্ষে যথাযথ প্রমাণ পেশ করতে হবে।

৩। একজন প্রার্থী বাংলা ভাষা বা ইংরেজি ভাষা বা উভয় ভাষানেই আলাদাভাবে আবেদন করতে পারবে।

স্বাক্ষরিত/

জহুরা বেগম

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)